



Bangladesh

প্রতিষ্ঠা  
মতবালী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
 প্রশাসন- ২ অধিশাখা  
[www.mopme.gov.bd](http://www.mopme.gov.bd)

**বিষয়:** সেবা প্রদান প্রতিশুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মোছাঃ নূরজাহান খাতুন যুগ্মসচিব (প্রশাসন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
স্থান	:	ভার্চুয়ালি (জুম) সভা।
তারিখ	:	২৯.১১.২০২২ খ্রিঃ
সময়	:	সকাল ১১:০০ ঘটিকা
সভায় উপস্থিতি	:	পরিষিষ্ট ‘ক’।

উপস্থিতি সকলকে স্বাগত জানিয়ে সভাপতি কর্তৃক সভার কাজ শুরু করা হয়। সভাপতি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনায় ২০২২-২৩ এ “সক্ষমতা অর্জন” কার্যক্রমের ক্ষেত্রে সেবা প্রদান বিষয়ে এ অবহিতকরণ সভা আয়োজন করা হয়েছে। তিনি সেবা গ্রহণ ও প্রদানের বিষয়ে সকলের অনুভূতি, প্রতিক্রিয়া মতামত শুনতে চান এবং গঠনমূলক সমালোচনাসহ বাস্তবায়নযোগ্য সুপারিশ প্রদানের অনুরোধ জানান এবং সভা পরিচালনা করার জন্য উপসচিব (প্রশাসন-২) কে নির্দেশনা প্রদান করেন। ভোলা জেলার জেলা শিক্ষা কর্মকর্তাসহ প্রাথমিক শিক্ষার সঙ্গে সংশ্লিষ্ট শিক্ষা কর্মকর্তা, কর্মচারী, শিক্ষক, এসএমসি সদস্য ও অভিভাবক প্রতিনিধিগণ ভার্চুয়ালি (জুম)-এ সভায় সংযুক্ত থাকেন।

০১। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-২), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার সম্পর্কে অংশগ্রহণকারীদের মতামত তুলে ধরতে বলেন। সভায় সংযুক্ত অভিভাবক, এসএমসি সদস্য, সহকারী শিক্ষক, প্রধান শিক্ষক, সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা, উপজেলা শিক্ষা কর্মকর্তাসহ জেলা প্রাথমিক শিক্ষা অফিসের কর্মকর্তাদের মতামত, দুটতম সময়ে কিভাবে সেবা প্রদান করা যায় সে বিষয়ে সকলের মতামত গ্রহণ করেন। আলোচনায় অংশগ্রহণকারীগণ জিপিএফ, গৃহ নির্মাণ ঝণ, অনলাইনে শিক্ষক বদলী, ছাত্র-ছাত্রীদের উপবৃত্তি প্রদান, বিনামূল্যে বই বিতরণ, এসএমসি কমিটি গঠন, স্কুলের নাম পরিবর্তন, অবকাঠামো উন্নয়ন এবং ছাত্র-ছাত্রীদের পড়াশুনার মান বৃক্ষি করা যায় সে বিষয়ে মতামত তুলে ধরেন এবং সুপারিশ প্রদান করেন। লালমোহন উপজেলার একজন প্রধান শিক্ষক উল্লেখ করেন যে, মগন্দ সেবার মাধ্যমে উপবৃত্তি প্রদানের ক্ষেত্রে প্রায় ১০-৩০% ছাত্র-ছাত্রী কাগজপত্র ও প্রয়োজনীয় তথ্য সঠিক থাকা সঙ্গেও উপবৃত্তি থেকে বাদ পড়ে যাচ্ছে। মানিকার হাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এসএমসি সভাপতি উল্লেখ করেন যে, তার বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর সংখ্যা ২৯৩ জন এবং ছাত্র-ছাত্রীদের পড়াশুনার মান অনেক ভালো। তিনি স্কুলের নাম পরিবর্তন করার বিষয়ে আলোচনা করেন। এছাড়া বাংলাবাজার ফাতেমা খানুম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এসএমসি সভাপতি উল্লেখ করেন যে, তিনি বিদ্যালয়ের শিক্ষকদের সাথে সমন্বয় করে এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের সহযোগীতায় বিদ্যালয়ের উন্নয়ন কার্যক্রম পরিচালনা করেন। তাছাড়া তিনি আরও উল্লেখ করেন যে, বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাগণ আন্তরিকভাবে সহিত ছাত্র-ছাত্রীদের শিক্ষাদান করেন। কোন কোন আলোচক বিদ্যালয় এবং অফিসসমূহে শূন্য পদ পূরণের পক্ষে তাদের মতামত তুলে ধরেন।

### ০৩। বিস্তারিত সিক্তান্তসমূহঃ

- (ক) শিক্ষার্থীদের গুণগত মানের পাঠদান কার্যক্রম নেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (খ) সেবা সহজীকরণের লক্ষ্যে ভোলা জেলার জেলা প্রাথমিক শিক্ষা অফিসার তার অধীনস্থ উপজেলা শিক্ষা অফিসমূহের শূন্যপদের তালিকা প্রস্তুত করে প্রাথমিক শিক্ষা অবিদগ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রেরণ করতে হবে।
- (গ) ছাত্র-ছাত্রীদের উপবৃত্তি প্রদান করতে কি কি করতে সমস্যা হচ্ছে সে সকল বিষয়ে তালিকা প্রস্তুত করে প্রাথমিক শিক্ষা অবিদগ্ধে প্রেরণ করতে হবে।

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত করেন।

স্বাক্ষরিতঃ/-

০৫/১২/২০২২ ইং

(মোছাঃ নূরজাহান খাতুন)

যুগ্মসচিব (প্রশাসন)

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

নম্বর ৩৮,০০,০০০,০০২,৩৪,০০১,২২-১৮০৮

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৯  
০৫ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬।
২. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা বৃরো, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৪. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষাভবন, ঢাকা।
৫. মহাপরিচালক, জাতীয় প্রার্থীক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
৬. যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬।
৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ভোলা।
১২. সুপারিনটেনডেন্ট, ভোলা পিটাই, ভোলা।
১৩. অফিস কপি।

০৫/১২/২০২২

(ড. বিলকিস বেগম)

উপসচিব

ফোন: ৯৫১০০৯২৮

ই-মেইল: dsad2@mopme.gov.bd